



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ২৭/২০২৬

তারিখ: ২২/০৩/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

২০২৬-২০২৭ অর্থ বছরের জাতীয় বাজেট প্রস্তাবনা প্রণয়নের সুবিধার্থে

সম্মানিত সদস্যদের নিকট থেকে এ সম্পর্কিত প্রস্তাবনা আহ্বান

সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, সিএন্ডএফ এজেন্টগণ দেশের আমদানি-রপ্তানি কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত থেকে জাতীয় রাজস্ব আহরণে কাস্টমস এর সহযোগি হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। চট্টগ্রাম বন্দর ও কাস্টমস এর অন্যতম স্টেকহোল্ডার হিসেবে অত্র এসোসিয়েশন কর্তৃক প্রতি বছর জাতীয় বাজেট প্রণয়নের প্রাক্কালে সম্মানিত সদস্য সিএন্ডএফ এজেন্টদের মাঠ পর্যায়ে বাস্তব অভিজ্ঞতার আলোকে শুল্ক ফাঁকি রোধ, পণ্যের শ্রেণীবিন্যাসে অসংগতি নিরূপণ এবং সিএন্ডএফ পেশার স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে বাজেট প্রস্তাবনা প্রস্তুত করে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট উপস্থাপন করা হয়।

এরই ধারাবাহিকতায় অত্র এসোসিয়েশন কর্তৃক আগামী ২০২৬-২০২৭ অর্থ বছরের জাতীয় বাজেট প্রস্তাবনা প্রণয়নের সুবিধার্থে পণ্যের শুল্কহার, শুল্ক-কর সংশ্লিষ্ট আইন ও এসআরও এবং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এর উপর সুনির্দিষ্ট প্রস্তাবনা নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে এসোসিয়েশনে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হল।

আপনাদের সুচিন্তিত ও মূল্যবান প্রস্তাবনা ও পরামর্শ একটি নির্ভুল ও গ্রহণযোগ্য বাজেট প্রস্তাবনা প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

ক্র.ন	প্রস্তাবের বিষয়	বিদ্যমান আইন/এসআরও বা পণ্যের নাম, এইচ.এস.কোড ও বিদ্যমান শুল্ক-কর হার	প্রস্তাব	প্রস্তাবের পক্ষে যুক্তি

মোঃ শওকত আলী
সাধারণ সম্পাদক